করোনাভাইরাস (COVID-19) এর কারণে আমি ক্ষতিগ্রস্ত হয়েছি, আমি কি বেনিফিট পাওয়ার যোগ্য?

COVID-19 এর কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন অনেক লোক পণ্যদ্রব্য কিনতে, স্বাস্থ্যসেবা বা আর্থিক সহায়তা পেতে সাহায্য পাওয়ার বেনিফিটের জন্য যোগ্যতা অর্জন করে। কি ধরনের সহায়তা পেতে আপনি যোগ্য হতে পারেন তা জানার জন্য পরবর্তী পৃষ্ঠাগুলো দেখুন। কিছু বেনিফিটের জন্য, অন্যান্য কিছু কারণ (উদাহরণস্বরূপ, গর্ভাবস্থা বা অভিবাসনের অবস্থা) আপনার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে।

অনেক প্রাপ্তবয়স্কদের জন্য প্রাপ্ত বেনিফিটসমূহ

স্বাস্থ্য বিমা

Medicaid

আপনি Medicaid এর জন্য যোগ্য হতে পারেন যদি:

- ☐ আপনার বয়স 19 থেকে 64 এর মধ্যে হয়

এবং

- ☐ আপনার মাসিক পারিবারিক আয় 1,467 মার্কিন ডলার অথবা বার্ষিক পারিবারিক আয় 17,609 মার্কিন ডলারের নিচে থাকে এবং শিশু ছাড়া অবিবাহিত হন
- ☐ আপনার মাসিক পারিবারিক আয় 1,982 মার্কিন ডলার অথবা বার্ষিক পারিবারিক আয় 23,792 মার্কিন ডলারের নিচে থাকে এবং দুই ব্যক্তির পরিবারে বসবাস করেন
- ☐ আপনার মাসিক পারিবারিক আয় 3,013 মার্কিন ডলার অথবা বার্ষিক পারিবারিক আয় 36,156 মার্কিন ডলারের নিচে থাকে এবং চার ব্যক্তির পরিবারে বসবাস করেন

নিউ ইয়র্ক স্টেট অব হেলথের ওয়েবসাইটে Medicaid এর জন্য আবেদন করুন অথবা GetCoveredNYC এর মাধ্যমে সহায়তা পান। যদি আপনার বয়স 65 বা তার বেশি হয়, আপনি অন্ধ হয়ে থাকেন বা কোন অক্ষমতা থাকে, তাহলে 1-888-692-6116 নম্বরে HRA-কে কল করুন এবং Medicaid নিয়ে কথা বলুন।

নিউ ইয়র্ক স্টেট অব হেলথ

আপনি নিউ ইয়র্ক স্টেট অব হেলথের জন্য যোগ্য হতে পারেন যদি:

- ☐ আপনার বয়স 19 থেকে 64 এর মধ্যে হয়

এবং

- ☐ আপনার মাসিক পারিবারিক আয় 4,253 মার্কিন ডলার অথবা বার্ষিক পারিবারিক আয় 51,040 মার্কিন ডলারের নিচে থাকে এবং শিশু ছাড়া অবিবাহিত হন
- ☐ আপনার মাসিক পারিবারিক আয় 5,746 মার্কিন ডলার অথবা বার্ষিক পারিবারিক আয় 68,960 মার্কিন ডলারের নিচে থাকে এবং দুই ব্যক্তির পরিবারে বসবাস করেন
- ☐ আপনার মাসিক পারিবারিক আয় 8,733 মার্কিন ডলার অথবা বার্ষিক পারিবারিক আয় 104,800 মার্কিন ডলারের নিচে থাকে এবং চার ব্যক্তির পরিবারে বসবাস করেন

নিউ ইয়র্ক স্টেট অব হেলথ ওয়েবসাইটে আপনার বিকল্পগুলো দেখুন এবং আবেদন করুন।

শিশুর জন্য স্বাস্থ্য বিমা

প্রাপ্তবয়স্কদের জন্য উপরে যে পারিবারিক আয় উল্লেখ রয়েছে তার চেয়ে বেশি পারিবারিক আয় হলে শিশুরা স্বাস্থ্য বিমা বেনিফিটের যোগ্য হতে পারে।

নিউ ইয়র্ক স্টেট অব হেলথ ওয়েবসাইটে আপনার বিকল্পগুলো দেখুন এবং আবেদন করুন।

পণ্যদ্রব্য কিনতে সাহায্য পাওয়ার জন্য ফুড স্ট্যাম্প (SNAP)

স্বাস্থ্যকর খাবার ক্রয় করার জন্য যেসকল পরিবারের সহায়তা প্রয়োজন, তাদেরকে সাপ্লিমেন্টাল নিউট্রিশন এসিসটেন্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) অর্থ প্রদান করে। আপনি SNAP এর জন্য যোগ্য হতে পারেন যদি:

- ☐ আপনার মাসিক পারিবারিক আয় 1,354 মার্কিন ডলার অথবা বার্ষিক পারিবারিক আয় 16,248 মার্কিন ডলারের নিচে থাকে এবং শিশু ছাড়া অবিবাহিত হন
- ☐ আপনার মাসিক পারিবারিক আয় 1,832 মার্কিন ডলার অথবা বার্ষিক পারিবারিক আয় 21,984 মার্কিন ডলারের নিচে থাকে এবং দুই ব্যক্তির পরিবারে বসবাস করেন
- ☐ চারজন ব্যক্তি পরিবারে বসবাস করেন যার পারিবারিক আয়: মাসিক 2,790 মার্কিন ডলার অথবা বার্ষিক 33,480 মার্কিন ডলারের নিচে

ACCESS HRA এর মাধ্যমে SNAP এর জন্য অনলাইনে আবেদন করুন।

গ্রহণযোগ্য সহায়তা সম্পর্কে আরো তথ্যের জন্য, করোনাভাইরাস (COVID-19) সম্পর্কিত সাম্প্রতিক তথ্যের পৃষ্ঠা ভিজিট করুন।

NYC
Bengali

ডিসক্লেইমার বা দায় অস্বীকারমূলক বিবৃতি: এই ডকুমেন্টে প্রদত্ত তথ্য আইনী পরামর্শ প্রদান করে না এবং এর উদ্দেশ্য আইনী পরামর্শ প্রদান করা নয়। এই ডকুমেন্টে প্রাপ্ত সকল তথ্যের উদ্দেশ্য হচ্ছে শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান। এই ডকুমেন্টের তথ্য সাম্প্রতিকতম নাও হতে পারে। আইনি পরামর্শের জন্য, আপনার পরিস্থিতি মূল্যায়নের জন্য কোনো আইনজীবীর সাথে আপনার যোগাযোগ করা উচিত

করোনাভাইরাস (COVID-19) এর কারণে আমি ক্ষতিগ্রস্ত হয়েছি, আমি কি বেনিফিট পাওয়ার যোগ্য?

COVID-19 এর কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন অনেক লোক পণ্যদ্রব্য কিনতে, স্বাস্থ্যসেবা বা আর্থিক সহায়তা পেতে সাহায্য পাওয়ার বেনিফিটের জন্য যোগ্যতা অর্জন করে। কি ধরনের সহায়তা পেতে আপনি যোগ্য হতে পারেন তা জানার জন্য পরবর্তী পৃষ্ঠাগুলো দেখুন। কিছু বেনিফিটের জন্য, অন্যান্য কিছু কারণ (উদাহরণস্বরূপ, গর্ভাবস্থা বা অভিবাসনের অবস্থা) আপনার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে।

স্বনির্ভর কর্মীদের জন্য প্রাপ্ত বেনিফিটসমূহ

বেতনভোগী বা অবৈতনিক ছুটি

যদি আপনি অসুস্থ হন বা পরিবারের যত্ন নিচ্ছেন

ফেডারেল আইন অনুযায়ী, যদি আপনি স্বনির্ভর কর্মী হয়ে থাকেন তাহলে COVID-19 এর কারণে ছুটিজনিত ট্যাক্স ক্রেডিট আপনি পেতে পারেন আপনি যোগ্য হতে পারেন যদি আপনি:

- ☐ কোয়ারান্টাইনে থাকার জন্য সরকার কর্তৃক প্রদত্ত আদেশ বা একটি স্বাস্থ্যসেবা প্রোভাইডারের পরামর্শের কারণে যদি আপনি কাজ অথবা টেলিওয়ার্ক করতে না পারেন
- ☐ সরকার কর্তৃক প্রদত্ত আদেশ বা একটি স্বাস্থ্যসেবা প্রোভাইডারের পরামর্শের কারণে কোয়ারান্টাইনে থাকা পরিবারের সদস্যের যত্ন নেয়ার জন্য কাজ করতে না পারেন
- ☐ COVID-19 এর উপসর্গ অনুভব করছেন এবং চিকিৎসা করানোর চেষ্টা করছেন
- ☐ এমন একটি শিশুর যত্ন নিচ্ছেন যার স্কুল বন্ধ রয়েছে বা চাইল্ড কেয়ার পাচ্ছে না

স্বনির্ভর কর্মীদের জন্য অসুস্থতাজনিত ছুটি সম্পর্কে আরো জানুন

যদি আপনি চাকরি হারান তাহলে অর্থপ্রাপ্তি

যদি আপনি কিছু ঘণ্টার জন্য কাজ করেন, একটি পরিকল্পিত কাজ ছিল যা বাতিল হয়েছে বা COVID-19 এর কারণে সাময়িক ছুটিতে থাকেন

বিশ্বব্যাপী মহামারী বেকারত্ব সহায়তা

যেসব কর্মচারী যারা সাধারণত বেকারত্ব বিমার জন্য যোগ্যতা অর্জন করেন না, এমনকি যদি আপনি সাধারণত স্বাধীন ঠিকাদার হিসেবেও যোগ্যতা অর্জন না করেন, তাদেরকে মহামারী বেকারত্ব সহায়তা (Pandemic Unemployment Assistance, PUA) অস্থায়ী আয় প্রদান করে। করোনাভাইরাস মহামারীর কারণে কাজ করতে না পারলে আপনি এই সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন।

NY ডিপার্টমেন্ট অব লেবারের ওয়েবসাইটে অনলাইনে আবেদন করুন এবং আপনি UI অথবা PUA এর যোগ্য কি না তা সিস্টেম নির্ধারণ করবে।

মহামারী বেকারত্ব ক্ষতিপূরণ

সাধারণ সাপ্তাহিক বেকারত্ব সহায়তার পাশাপাশি মহামারী জরুরি বেকারত্ব ক্ষতিপূরণ (Pandemic Emergency Unemployment Compensation, PEUC) প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার প্রদান করে। যদি আপনি UI অথবা PUA সহায়তা পাওয়ার যোগ্য হন, তাহলে PEUC থেকে আপনি স্বয়ংক্রিয়ভাবে অতিরিক্ত অর্থ পাবেন।

গ্রহণযোগ্য সহায়তা সম্পর্কে আরো তথ্যের জন্য, করোনাভাইরাস (COVID-19) সম্পর্কিত সাম্প্রতিক তথ্যের পৃষ্ঠা ভিজিট করুন।

NYC
Bengali

ডিসক্লেইমার বা দায় অস্বীকারমূলক বিবৃতি: এই ডকুমেন্টে প্রদত্ত তথ্য আইনী পরামর্শ প্রদান করে না এবং এর উদ্দেশ্য আইনী পরামর্শ প্রদান করা নয়। এই ডকুমেন্টে প্রাপ্ত সকল তথ্যের উদ্দেশ্য হচ্ছে শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান। এই ডকুমেন্টের তথ্য সাম্প্রতিকতম নাও হতে পারে। আইনি পরামর্শের জন্য, আপনার পরিস্থিতি মূল্যায়নের জন্য কোনো আইনজীবীর সাথে আপনার যোগাযোগ করা উচিত

করোনাভাইরাস (COVID-19) এর কারণে আমি ক্ষতিগ্রস্ত হয়েছি, আমি কি বেনিফিট পাওয়ার যোগ্য?

COVID-19 এর কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন অনেক লোক পণ্যদ্রব্য কিনতে, স্বাস্থ্যসেবা বা আর্থিক সহায়তা পেতে সাহায্য পাওয়ার বেনিফিটের জন্য যোগ্যতা অর্জন করে। কি ধরনের সহায়তা পেতে আপনি যোগ্য হতে পারেন তা জানার জন্য পরবর্তী পৃষ্ঠাগুলো দেখুন। কিছু বেনিফিটের জন্য, অন্যান্য কিছু কারণ (উদাহরণস্বরূপ, গর্ভাবস্থা বা অভিবাসনের অবস্থা) আপনার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে।

কর্মচারীদের জন্য গ্রহণযোগ্য বেনিফিটসমূহ

বেতনভোগী বা অবৈতনিক ছুটি

যদি আপনি অসুস্থ হন বা পরিবারের যত্ন নিচ্ছেন

ফেডারেল অসুস্থতাজনিত এবং পারিবারিক ছুটি

যদি আপনার নিয়োগকারীর 500 এর চেয়ে কম কর্মচারী থাকে, তাহলে আপনি নিম্নোক্ত বেনিফিট পাওয়ার যোগ্য হতে পারেন:

- **বেতনভোগী অসুস্থতাজনিত ছুটি (পূর্ণ বেতনে)**
  কোয়ারান্টাইনে থাকার জন্য সরকার কর্তৃক প্রদত্ত আদেশ বা একটি স্বাস্থ্যসেবা প্রোভাইডারের পরামর্শের কারণে যদি আপনি কাজ করতে না পারেন অথবা COVID-19 এর উপসর্গের কারণে যদি আপনি অসুস্থ হন এবং চিকিৎসা করানোর চেষ্টা করছেন
- **অসুস্থতাজনিত বেতনভোগী ছুটি (দুই-তৃতীয়াংশ বেতনে)**
  সরকারী আদেশ বা স্বাস্থ্যসেবা প্রোভাইডারের পরামর্শের কারণে কোয়ারান্টাইনে থাকা কারোর যত্ন নেয়ার জন্য আপনি যদি কাজ করতে না পারেন
- **অতিরিক্ত 10 সপ্তাহ পর্যন্ত বর্ধিত পারিবারিক এবং চিকিৎসাজনিত বেতনভোগী ছুটি (দুই-তৃতীয়াংশ বেতনে)**
  COVID-19 সম্পর্কিত স্কুল বা চাইল্ড কেয়ার বন্ধ রয়েছে বা পাওয়া যাচ্ছে না, এমন শিশুর যত্ন নেওয়ার জন্য

আপনাকে এই ছুটি যোগ্য নিয়োগকারীদের অবশ্যই প্রদান করতে হবে এবং এর জন্য আপনাকে আবেদন করতে হবে না। আরো তথ্য জানতে, US ডিপার্টমেন্ট অব লেবার ওয়েবসাইট ভিজিট করুন।

স্টেট অসুস্থতাজনিত ছুটি

NY স্টেট থেকে অসুস্থতাজনিত এবং পারিবারিক ছুটি অতিরিক্ত বেতনভোগী বা অবৈতনিক ছুটি (কর্মচারীর সংখ্যার উপর নির্ভর করে) প্রদান করে। যদি আপনি নিচের কারণগুলোর জন্য কাজে যেতে না পারেন তাহলে এর যোগ্য হতে পারেন:

- ☐ বিচ্ছিন্ন অথবা কোয়ারান্টাইনে থাকার জন্য সরকার বা স্বাস্থ্যসেবা প্রোভাইডার থেকে আদেশ
- ☐ COVID-19 আক্রান্ত পরিবারের সদস্যদের যত্ন নেয়া

আপনাকে এই ছুটি যোগ্য নিয়োগকারীদের অবশ্যই প্রদান করতে হবে এবং এর জন্য আপনাকে আবেদন করতে হবে না। NY স্টেট ডিপার্টমেন্ট লেবার ওয়েবসাইট থেকে আরো তথ্য জানুন।

নিউ ইয়র্ক সিটি অসুস্থতাজনিত ছুটি

NYC এর কর্মচারীদের জন্য NYC বেতনভোগী নিরাপদ এবং অসুস্থতাজনিত ছুটিতে 40 ঘণ্টা পর্যন্ত বেতনভোগী বা অবৈতনিক অসুস্থতাজনিত ছুটি (কর্মচারীর সংখ্যার উপর নির্ভর করে) রয়েছে। আপনি বেনিফিট পাওয়ার যোগ্য হতে পারেন যদি:

- ☐ আপনি আপনার নিয়োগকারীর অধীনে 120 দিন কাজ করে থাকেন
- ☐ অভিবাসনের অবস্থা নির্বিশেষে

আপনাকে এই ছুটি যোগ্য নিয়োগকারীদের অবশ্যই প্রদান করতে হবে এবং এর জন্য আপনাকে আবেদন করতে হবে না। ডিপার্টমেন্ট অব কনজিউমার অ্যান্ড ওয়ার্কার প্রোটেকশন ওয়েবসাইট থেকে আরো তথ্য জানুন।

গ্রহণযোগ্য সহায়তা সম্পর্কে আরো তথ্যের জন্য, করোনাভাইরাস (COVID-19) সম্পর্কিত সাম্প্রতিক তথ্যের পৃষ্ঠা ভিজিট করুন।

Bengali

ডিসক্লেইমার বা দায় অস্বীকারমূলক বিবৃতি: এই ডকুমেন্টে প্রদত্ত তথ্য আইনী পরামর্শ প্রদান করে না এবং এর উদ্দেশ্য আইনী পরামর্শ প্রদান করা নয়। এই ডকুমেন্টে প্রাপ্ত সকল তথ্যের উদ্দেশ্য হচ্ছে শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান। এই ডকুমেন্টের তথ্য সাম্প্রতিকতম নাও হতে পারে। আইনি পরামর্শের জন্য, আপনার পরিস্থিতি মূল্যায়নের জন্য কোনো আইনজীবীর সাথে আপনার যোগাযোগ করা উচিত

করোনাভাইরাস (COVID-19) এর কারণে আমি ক্ষতিগ্রস্ত হয়েছি, আমি কি বেনিফিট পাওয়ার যোগ্য?

COVID-19 এর কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন অনেক লোক পণ্যদ্রব্য কিনতে, স্বাস্থ্যসেবা বা আর্থিক সহায়তা পেতে সাহায্য পাওয়ার বেনিফিটের জন্য যোগ্যতা অর্জন করে। কি ধরনের সহায়তা পেতে আপনি যোগ্য হতে পারেন তা জানার জন্য পরবর্তী পৃষ্ঠাগুলো দেখুন। কিছু বেনিফিটের জন্য, অন্যান্য কিছু কারণ (উদাহরণস্বরূপ, গর্ভাবস্থা বা অভিবাসনের অবস্থা) আপনার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে।

কর্মচারীদের জন্য গ্রহণযোগ্য বেনিফিটসমূহ

যদি আপনি চাকরি হারান তাহলে অর্থপ্রাপ্তি

যদি আপনি কিছু ঘণ্টার জন্য কাজ করেন, একটি পরিকল্পিত কাজ ছিল যা বাতিল হয়েছে বা COVID-19 এর কারণে সাময়িক ছুটিতে থাকেন

মহামারী বেকারত্ব সহায়তা

যেসব কর্মচারী যারা সাধারণত বেকারত্ব বিমার জন্য যোগ্যতা অর্জন করেন না, এমনকি যদি আপনি সাধারণত স্বাধীন ঠিকাদার হিসেবেও যোগ্যতা অর্জন না করেন, তাদেরকে মহামারী বেকারত্ব সহায়তা (Pandemic Unemployment Assistance, PUA) অস্থায়ী আয় প্রদান করে। করোনাভাইরাস মহামারীর কারণে কাজ করতে না পারলে আপনি এই সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন।

NY ডিপার্টমেন্ট অব লেবারের ওয়েবসাইটে অনলাইনে আবেদন করুন এবং আপনি UI অথবা PUA এর যোগ্য কি না তা সিস্টেম নির্ধারণ করবে।

মহামারী বেকারত্ব ক্ষতিপূরণ

সাধারণ সাপ্তাহিক বেকারত্ব সহায়তার পাশাপাশি মহামারী জরুরি বেকারত্ব ক্ষতিপূরণ (Pandemic Emergency Unemployment Compensation, PEUC) প্রতি সপ্তাহে অতিরিক্ত 600 মার্কিন ডলার প্রদান করে। যদি আপনি UI অথবা PUA সহায়তা পাওয়ার যোগ্য হন, তাহলে PEUC থেকে আপনি স্বয়ংক্রিয়ভাবে অতিরিক্ত অর্থ পাবেন।

COVID-19 এর কারণে কর্মক্ষেত্রে যদি আপনি অসুস্থ হন তাহলে গ্রহণযোগ্য সহায়তা

কর্মক্ষেত্রে থাকার প্রত্যক্ষ ফলাফল হিসেবে যদি আপনি COVID-19 এর কারণে অসুস্থ হয়ে পড়েন, তাহলে কর্মচারীদের ক্ষতিপূরণের মাধ্যমে আপনি নগদ বেনিফিট, চিকিৎসা সেবা বা উভয় সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন।

কর্মচারীদের ক্ষতিপূরণ বোর্ডের মাধ্যমে অনলাইনে আবেদন করুন।

COVID-19 এর কারণে যদি আপনি অসুস্থ হন, অক্ষম হন এবং কাজ করতে না পারেন তাহলে গ্রহণযোগ্য সহায়তা

COVID-19 এর কারণে যদি আপনি অসুস্থ হন, অসুস্থ হন, বেকার ও অক্ষম হয়ে পড়েন এবং কাজে যেতে না পারেন, তাহলে আপনি অক্ষমতা সংক্রান্ত বেনিফিট পাওয়ার যোগ্য হতে পারেন।

NY স্টেট ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করুন।

গ্রহণযোগ্য সহায়তা সম্পর্কে আরো তথ্যের জন্য, করোনাভাইরাস (COVID-19) সম্পর্কিত সাম্প্রতিক তথ্যের পৃষ্ঠা ভিজিট করুন।

ডিসক্লেইমার বা দায় অস্বীকারমূলক বিবৃতি: এই ডকুমেন্টে প্রদত্ত তথ্য আইনী পরামর্শ প্রদান করে না এবং এর উদ্দেশ্য আইনী পরামর্শ প্রদান করা নয়। এই ডকুমেন্টে প্রাপ্ত সকল তথ্যের উদ্দেশ্য হচ্ছে শুধুমাত্র সাধারণ তথ্য প্রদান। এই ডকুমেন্টের তথ্য সাম্প্রতিকতম নাও হতে পারে। আইনি পরামর্শের জন্য, আপনার পরিস্থিতি মূল্যায়নের জন্য কোনো আইনজীবীর সাথে আপনার যোগাযোগ করা উচিত